

জ্ঞানমূলক:

১. পৃথিবীর ধূলা সরাতে কত পিপে নস্য শেষ হয়ে গেল?
২. ধুলার মেঘে কী ঢাকা পড়ল?
৩. পাক অর্থ কী?
৪. কে দার্শনিক কবি হিসেবে পরিচিত?
৫. চামার কুলপতি কী দিয়ে রাজার পা ঢেকে দিল?
৬. ‘কল্পনা’ কাব্যত্রয়ের রচয়িতা কে?
৭. জলের জীব কীভাবে মারা গেল?
৮. রবীন্দ্রনাথের পিতামহের নাম কী?
৯. রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে নোবেল পুরস্কার পান?
১০. কোন রচনার জন্য রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার পান?
১১. ‘জুতা আবিষ্কার’ কবিতায় রাজার নাম কী?
১২. কার পায়ে ধুলো লাগার অভিযোগ উঠেছে?
১৩. রাতে কারা ঘুমাতে পারেননা?
১৪. মন্ত্রী কাকে কারাগারে বন্দী করতে বলেছেন?
১৫. রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে জন্মগ্রহণ করেছেন?

সৃজনশীল:

১. সূর্য চৌধুরী দেবপুর গ্রামের জমিদার। তিনি ক্ষমতাবলে সকল অসাধ্য সাধন করতে চান। একদিন রাতে তিনি নিজ কক্ষে ঘুমাচ্ছিলেন। এসময় তাকে বেশ কিছু মশা কামড়ায়। এতে সূর্য চৌধুরী ক্ষিপ্ত হয়ে ওঠেন এবং তার সেনাপতিকে মশা নিধনের ব্যবস্থা করতে বলেন। সেনাপতি মশা নিধনে কামান ব্যবহার করলে রাজ্যে বিশৃঙ্খলা সৃষ্টি হয়।
  - ক) রাজা গোবুরায়কে কী করতে বলেছিলেন?
  - খ) পণ্ডিতের মুখ চুন হলো কেন?
  - গ) উদ্দীপকের সেনাপতি ‘জুতা আবিষ্কার’ কবিতার যে চরিত্রকে ধারণ করে তা ব্যাখ্যা কর।
  - ঘ) উদ্দীপকের জমিদারের সমস্যাটিকে সমাধানের উপায় কী? ‘জুতা আবিষ্কার’ কবিতার আলোকে ব্যাখ্যা কর।